গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(রাজস্ব শাখা)
www.dinajpur.gov.bd

দিনাজপুর জেলার ২০২৬ সালের অক্টোবর মাসের রাজস্ব সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ রফিকুল ইসলাম জেলা প্রশাসক দিনাজপুর।
সভার তারিখ	:	২৫ অক্টোবর, ২০২৬।
আলোচ্য মাস	:	সেপ্টেম্বর, ২০২৬।
সময়	:	দুপুর ১২.০০ টা।
স্থান	:	সম্মেলন কক্ষ (কাঞ্চন-১), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' ও 'খ'।

সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সম্মানিত সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুরকে বিষয়ভিত্তিক আলোচনার জন্য অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব কর্তৃক গত মাসের রাজস্ব সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সংখ্যাগরিষ্ঠের সম্মতিক্রমে অনুমোদন করা হয়। গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করার পর নিম্নোক্ত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। সংস্থাপন বিষয়ক :

ক) পেনশন সংক্রান্ত :

আলোচনা : পেনশন কেসের আবেদন পাওয়া গেলে বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : ক) অবসরোত্তর ছুটির ৩(তিন) মাস পূর্বে সংশ্লিষ্টকে জানিয়ে আবেদন দাখিলসহ তথ্য প্রেরণ নিশ্চিত করার জন্য সহকারী কমিশনার (ভূমি), সকলকে অনুরোধ করা হয়।

(খ) পেনশন কেসের আবেদন বিধি মোতাবেক দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুরকে অনুরোধ করা হয়।

খ) শূন্যপদ সংক্রান্ত :

আলোচনা : জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসের শূন্যপদসমূহ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় শূন্য পদের তথ্যাদি উপস্থাপিত হয়।

১। অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা পদটি শূন্য রয়েছে। ১৬টি কানুনগো পদের মধ্যে বর্তমানে ১৪টি পদ শূন্য রয়েছে। উপ-সহকারী প্রকৌশলী পদটি শূন্য রয়েছে।

২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার ১০৫টি পদের মধ্যে ৬৪টি পদ শূন্য রয়েছে এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তার ১০৫টি পদের মধ্যে ৩৭টি পদ শূন্য রয়েছে।

৩। উপ-সহকারী প্রশাসনিক কর্মকর্তা ৪টি পদের মধ্যে ৪টি শূন্য রয়েছে।

৪। ১৭টি সার্ভেয়ার পদের মধ্যে বর্তমানে ৬টি পদ শূন্য রয়েছে।

৫। ড্রাফটস্‌ম্যান, অফিস সহকারীসহ সমপর্যায়ের কর্মচারীদের ১২২টি পদের মধ্যে ৬২টি পদ শূন্য রয়েছে। ৩১টি পদের ভূমি মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সর্বমোট ৪৩৯২টি আবেদন পাওয়া যায়। নিয়োগ পরীক্ষা গ্রহণের নিমিত্ত তারিখ নির্ধারণের জন্য কমিশনার, রংপুর বিভাগ, রংপুর বরাবর প্রেরণ করা হলে ৪ সেপ্টেম্বর, ২০২৫ তারিখের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবেনা মর্মে সময় বৃদ্ধি করে পুনরায় প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক সময় বৃদ্ধির জন্য ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে জন প্রশাসন মন্ত্রণালয়ের নতুন করে ১৫ কলাম ছক পূরণপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে মোতাবেক ১৫ কলামে ১৬ গ্রেডভুক্ত মোট ৪৪টি শূন্য পদের ছাড়পত্র প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হলে ৩৭টি শূন্য পদের ছাড়পত্র পাওয়া যায়। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ৪১৬২টি আবেদন পাওয়া গেছে। নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে।

৬। ড্রাইভার, দপ্তরি, জারিকারক, চেইনম্যান, অফিস সহায়ক ও নৈশ প্রহরীর ৩২৭টি পদের মধ্যে মোট ২২৪টি পদ শূন্য রয়েছে। ভূমি মন্ত্রণালয়ের ১৩ মে, ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.১৩৭.১২.৩২৫ নং স্মারকে ১০৪টি অফিস সহায়ক শূন্য পদে নিয়োগের ছাড়পত্র পাওয়া যায়। কোভিড-১৯ মহামারির কারণে যথাসময়ে নিয়োগ কার্যক্রম সম্পন্ন না হওয়ায় ভূমি মন্ত্রণালয়ে পুনরায় ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির জন্য পত্র প্রেরণ করা হলে ১৯ ডিসেম্বর ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০০৭.১৯.৫৫৭ নং স্মারকে নিয়োগ কার্যক্রমের মেয়াদ ৯ নভেম্বর, ২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উক্ত মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পুনরায় মেয়াদ বৃদ্ধির জন্য গত ৫ ডিসেম্বর, ২০২৪ তারিখের ০৫.৫৫.২৭০০.০১১.০২.২৮২.২৪-২০৮২ নং স্মারকে ভূমি মন্ত্রণালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হলে ভূমি মন্ত্রণালয়ের ৩১ ডিসেম্বর, ২০২৪ তারিখের ৩১.০০.০০০.০৪৬.১১.১৩৭.১২.১০২৪ নং স্মারকে শূন্যপদ পূরণের জন্য ১৫ কলাম ছক পূরণপূর্বক ছাড়পত্রের প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হয়। এ কার্যালয়ের ১২ নভেম্বর, ২০২৫ তারিখের ১৬৭৬ নং স্মারকে পত্র প্রেরণ করা হলে ১৫৩টি অফিস সহায়ক শূন্য পদের ছাড়পত্র পাওয়া যায়। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ১৯৯১৯টি আবেদন পাওয়া গেছে। নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ করা হলে ৮৪,০৯,৪০০/- (চুরাশি লক্ষ নয় হাজার চারশত) টাকা বরাদ্দ পাওয়া গেছে। নিয়োগ কার্যক্রম চলমান।

সিদ্ধান্ত: শূন্যপদের নিয়োগ কার্যক্রমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুরকে অনুরোধ করা হয়।

২। ভূমি অফিসসমূহের কর্মসম্পাদন/কর্মতৎপরতা :

ক) উপজেলা পর্যায়ে মাসিক রাজস্ব সভা অনুষ্ঠান সংক্রান্ত আলোচনা : সভায় উপজেলা পর্যায়ে মাসিক রাজস্ব সভা সংক্রান্ত আলোচনা হয়। সেপ্টেম্বর, ২০২৬ মাসে সকল উপজেলা হতে মাসিক রাজস্ব সভার কার্যবিবরণী পাওয়া গেছে।

সিদ্ধান্ত: ক) প্রতি মাসে উপজেলা মাসিক রাজস্ব সভা আয়োজনপূর্বক কার্যবিবরণী মাসের ১০ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিকে রাজস্ব সভার কার্যবিবরণী ৩০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

খ) মাঠ পর্যায়ের অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত নির্ধারিত রিপোর্ট/রিটার্নসমূহ প্রাপ্তি :

আলোচনা : মাঠ পর্যায়ের অফিসসমূহ কর্তৃক দাখিলকৃত নির্ধারিত রিপোর্ট/রিটার্নসমূহ যথাযথভাবে পাওয়া গেছে। মাঠ পর্যায়ের অফিসসমূহ হতে নিয়মিত প্রেরণযোগ্য নির্ধারিত রিপোর্ট/রিটার্ন প্রাপ্তির বিবরণ নিম্নরূপ :

ক্রঃনং	রিপোর্ট/রির্টার্নের বিবরণ	জেলা কার্যালয়ে দাখিলের নির্ধারিত তারিখ	বিলম্বকারী অফিসের নাম ও প্রাপ্তির তারিখ
১	ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়, বিবিধ আদায়, রেন্ট সার্টিফিকেট, নামজারি মামলা, অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত মাসিক বিবরণী।	মাসের ২ তারিখ	--
২	ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত মাসিক প্রতিবেদন	মাসের ১ তারিখ	--
৩	সহকারী কমিশনার (ভূমি) গণের কর্মতৎপরতার প্রতিবেদন।	মাসের ৫ তারিখ	--
৪	উপজেলা রাজস্ব সভার কার্যবিবরণী	মাসের ৭ তারিখ	--

সিদ্ধান্ত: ভূমি সংস্কার বোর্ড এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী ভূমি উন্নয়ন করের দাবি ও আদায়, বিবিধ আদায়, রেন্ট সার্টিফিকেট, নামজারি মামলা, অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত মাসিক বিবরণী মাসের ২(দুই) তারিখের মধ্যে এবং অন্যান্য রিপোর্ট/রিটার্নসমূহ যথাসময়ে এ কার্যালয়ে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণ কে অনুরোধ করা হয়।

গ) সহকারী কমিশনার (ভূমি) গণের কর্মতৎপরতা নিয়মিত পরিবীক্ষণ সংক্রান্ত :

আলোচনা : সেপ্টেম্বর, ২০২৬ মাসে কর্মতৎপরতার পরিবীক্ষণ প্রতিবেদন সকল উপজেলা হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : ক) কর্মতৎপরতার পরিবীক্ষণ প্রতিবেদন নিয়মিত ছকভিত্তিক সঠিকভাবে পূরণ করে প্রতিমাসের ৫(পাঁচ) তারিখের মধ্যে অত্রাফিসে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়।

খ) মাসিক কর্মতৎপরতায় প্রতি মাসে কার্যক্রম যথাযথভাবে উল্লেখ করে অত্রাফিসে প্রতি মাসের ২ তারিখের মধ্যে পরিবীক্ষণ প্রতিবেদন প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঘ) উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন :

আলোচনা : আলোচ্য মাসে উর্ধ্বতন কর্মকর্তাগণের পরিদর্শন বিবরণী নিম্নরুপ।

জেলা প্রশাসক

ক্রমিক নং	পদবি	প্রমাপ		অর্জন		মন্তব্য
		পরিদর্শন	দর্শন	পরিদর্শন	দর্শন	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১	জেলা প্রশাসক, দিনাজপুর।	০৩	০২	০৩	০২	প্রমাপ অর্জিত হয়েছে।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)

ক্রমিক নং	পদবি	প্রমাপ		অর্জন		মন্তব্য
		পরিদর্শন	দর্শন	পরিদর্শন	দর্শন	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।	০৫	০২	০৫	০২	প্রমাপ অর্জিত হয়েছে

সিদ্ধান্ত: প্রমাপ অনুযায়ী সরকারি বিধি মোতাবেক পরিদর্শন/দর্শন কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

ঙ) উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক পরিদর্শন/দর্শন সংক্রান্ত :

আলোচনা: দর্শন/পরিদর্শন ছক পর্যালোচনা করে দেখা যায় যে, **সেপ্টেম্বর, ২০২৬** মাসে সকল উপজেলা নির্বাহী অফিসার ইউনিয়ন ভূমি অফিস দর্শন/পরিদর্শন করেছেন। সহকারী কমিশনার (ভূমি)গণ কর্তৃক তার উপজেলায় ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেছেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে ভূমি মন্ত্রণালয়ের প্রমাপ মোতাবেক নিয়মিত ইউনিয়ন ভূমি অফিস দর্শন/পরিদর্শন করে প্রমাপ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত: ক) উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণের উপজেলা/ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন প্রতিবেদন প্রমাপ অনুযায়ী প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) নির্দেশনা মোতাবেক ত্রৈমাসিকে দর্শন/পরিদর্শন প্রতিবেদন ৩০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

৩। ভূমি উন্নয়ন করের দাবি ও আদায় অগ্রগতি সংক্রান্ত :

ক) ২০২৬-২০২৭ অর্থ বছরে **সেপ্টেম্বর, ২০২৬** মাসে উপজেলাওয়ারি সাধারণ ভূমি উন্নয়ন কর আদায় নিম্নরূপ :

উপজেলার নাম	মোট দাবির পরিমাণ (সাধারণ)	বিবেচ্য মাসের আদায়	জুলাই' ২৬ মাস হতে চলতি মাস পর্যন্ত আদায়	আদায়ের শতকরা হার
দিনাজপুর সদর	২৬১২৩৭০৮.০০	২৮১০৬৫৯.০০	৮৭২০৪২৮.০০	৩৩.৩৮%
বিরল	১৩৯১৫১৮৭.০০	১৮১৫০৩৭.০০	৫৫৮৮৭২৩.০০	৪০.১৬%
বোচাগঞ্জ	৮৫৩৯২৫৬.০০	৯৭৫০৭৪.০০	৩৫৩৪২৪০.০০	৪১.৩৯%
কাহারোল	৫৭৪৫৩৭৬.০০	৬১৩৯৯৭.০০	১৯১৪১৩৮.০০	৩৩.৩২%
বীরগঞ্জ	১৪৯৫৬১১৮.০০	১৫৮৩৮০৯.০০	৫১২৭৮২৯.০০	৩৪.২৯%
খানসামা	৪৯৫৭৫৮৩.০০	৭১৩৫১৬.০০	২০৩৩৩৭৩.০০	৪১.০২%
চিরিরবন্দর	৯৮১৮৭০৮.০০	১০৫৪৮০০.০০	৩১৬১০৪৫.০০	৩২.১৯%
পার্বতীপুর	৯৬৩৭৩৩৭.০০	৭৬৩৬৫৩.০০	২৬৪৬২২০.০০	২৭.৪৬%
ফুলবাড়ী	৯৪২৩৮৬৬.০০	৭২৩০৭০.০০	২৭৬৮৯৭৫.০০	২৯.৩৮%
বিরামপুর	৮২৮৮১৬০.০০	১০৬১০২৬.০০	২৯৩৭১২৭.০০	৩৫.৪৪%
নবাবগঞ্জ	৭০০৪৮৭০.০০	৫৮৫৬৫৫.০০	২২৬৯৪১০.০০	৩২.৪০%
ঘোড়াঘাট	৭০২৮২৯২.০০	৬১৮৫৪৩.০০	২৩৭৭১৪১.০০	৩৩.৮২%
হাকিমপুর	৩৬১৪৫৬৪.০০	৩১০৭৯০.০০	১০০৫৪৪৪.০০	২৭.৮২%
মোট (চলতি বছর)	১২৯০৫৩০২৫.০০	১৩৬২৯৬২৯.০০	৪৪০৮৪০৯৩.০০	৩৪.১৬%
গত অর্থ বছর=	১২৫৯৭৩১৭৭.০০	১৬১৩৩৯৪৮.০০	৪৫৪৯৮৫৮৮.০০	৩৬.১২%

খ) ২০২৬-২০২৭ অর্থ বছরের **সেপ্টেম্বর, ২০২৬** মাসে উপজেলাওয়ারি সংস্থার ভূমি উন্নয়ন কর আদায় নিম্নরূপ :

উপজেলার নাম	মোট দাবির পরিমাণ (সংস্থা)	বিবেচ্য মাসে আদায়	জুলাই' ২৬ মাস হতে চলতি মাস পর্যন্ত আদায়	আদায়ের শতকরা হার
দিনাজপুর সদর	৩৬০৫৮২৯৯.০০	২৫৮৩৮.০০	৩৯৭২২.০০	০.১১%
বিরল	৫৪০৭৬৫৩.০০	৫৬০১৫৮.০০	৬১৬৬৯৯.০০	১১.৪০%
বোচাগঞ্জ	৩১৪২২৭৩.০০	০.০০	০.০০	০.০০%
কাহারোল	৪৩৬৬৭০.০০	৬১৮১.০০	৬১৮১.০০	১.৪২%
বীরগঞ্জ	৩৩৬৪১৯২.০০	০.০০	১৩৩০.০০	০.০৪%
খানসামা	২২২৯২৫.০০	৫১৯০.০০	৫১৯০.০০	২.৩৩%
চিরিরবন্দর	৫৭২০৩১.০০	০.০০	০.০০	০.০০%
পার্বতীপুর	৪৪৫৮৬৪৪৬.০০	৭৪৬০.০০	২৯২৬০.০০	০.০৭%
ফুলবাড়ী	৩৭৮৯৬০৮.০০	১০০০.০০	১০০০.০০	০.০৩%
বিরামপুর	২২১৬৯৮৬১.০০	৩৮০০০৪.০০	৩৮০৬৮৫.০০	১.৭২%
নবাবগঞ্জ	৩৯০৮৮৬৬.০০	৩৪৩৪৭৫.০০	৩৪৩৪৭৫.০০	৮.৭৯%
ঘোড়াঘাট	৪৫৫৭৮০.০০	০.০০	০.০০	০.০০%
হাকিমপুর	৭৯৮৫৩৫২.০০	৫৩৫৪৪.০০	৬৩৬৩৪.০০	০.৮০%
মোট (চলতি বছর)	১৩২০৯৯৯৫৬.০০	১৩৮২৮৫০.০০	১৪৮৭১৭৬.০০	১.১৩%
গত অর্থ বছর=	১২২০৯১২৯০.০০	১২৭৪৬১৫.০০	১৮০৫৯৬২.০০	১.৪৮%

আলোচনা: ২০২৬-২০২৭ অর্থ বছরের সেপ্টেম্বর, ২০২৬ মাসের ভূমি উন্নয়ন করের বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, সকল উপজেলা ভূমি অফিস হতে ভূমি উন্নয়ন করের আদায় বিবরণী পাওয়া গেছে। সাধারণ দাবির আদায়ের হার ৩৪.১৬% এবং সংস্থার ক্ষেত্রে আদায়ের হার- ১.১৩%।

সিদ্ধান্ত: ক) ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে ভূমি উন্নয়ন কর মাসভিত্তিক আনুপাতিক হারে আদায় নিশ্চিতকরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

খ) ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য এমপিওভুক্ত স্কুল/স্কুল এন্ড কলেজ এর জমির তপশিলসহ দাবি উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানদের পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং বেসরকারি স্কুল/প্রাইভেট স্কুল/স্কুল এন্ড কলেজ এর ভূমি উন্নয়ন করের দাবিসহ জমির তপশিল উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানদের পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) সহকারী কমিশনার (ভূমি)গণ সাধারণ ভূমি উন্নয়ন কর দাবির শতভাগ আদায় করায় তাদেরকে ধন্যবাদ প্রদান করা হয়।

৪। **রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত :**

সেপ্টেম্বর, ২০২৬ মাসে উপজেলাওয়ারি রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত প্রতিবেদন নিম্নরূপ :

উপজেলার নাম	পূর্বের জের	বিবেচ্য মাসে দায়ের	পূর্বের জের সহ মোট কেসের সংখ্যা	মোট দাবিকৃত টাকার পরিমাণ	বিবেচ্য মাসে নিস্পত্তি কৃত কেসের সংখ্যা	আদায়কৃত টাকার পরিমাণ	মোট অনিস্পত্তি কৃত কেসের সংখ্যা	মোট অনাদায়ী টাকার পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
দিনাজপুর সদর	১	১২	১৩	১৪৩০২৯.০০	০	০.০০	১৩	১৪৩০২৯.০০
বিরল	০	৯	৯	১৫৮৪৬২.০০	৯	১৫৮৪৬২.০০	০	০.০০
বোচাগঞ্জ	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
কাহারোল	০	১২	১২	৮০২৮০.০০	০	০.০০	১২	৮০২৮০.০০
বীরগঞ্জ	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
খানসামা	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
চিরিরবন্দর	০	৫	৫	৩১০১৮.০০	৫	৩১০১৮.০০	০	০.০০
পার্বতীপুর	০	১২	১২	৭৫৬৫৮.০০	১২	৭৫৬৫৮.০০	০	০.০০
ফুলবাড়ী	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
বিরামপুর	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
নবাবগঞ্জ	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
ঘোড়াঘাট	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
হাকিমপুর	০	২	২	২৩০২০.০০	০	০.০০	২	২৩০২০.০০
মোট=	১	৫২	৫৩	৫১১৪৬৭.০০	২৬	২৬৫১৩৮.০০	২৭	২৪৬৩২৯.০০

আলোচনা: ২০২৬-২০২৭ অর্থ বছরের সেপ্টেম্বর, ২০২৬ মাসের রেন্ট সার্টিফিকেট মামলার তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বিগত মাসে অনিস্পন্ন মামলা সংখ্যা- ১টি, বিবেচ্য মাসে ৫২টি মামলা দায়ের হয়েছে। মোট মামলার সংখ্যা-৫৩ টি। চলতি মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা- ২৬টি। ফলে পেন্ডিং রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা- ২৭ টি। পেন্ডিং ২৭টি মামলা দ্রুত নিস্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, কাহারোল ও হাকিমপুর, দিনাজপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত ক) যে সমস্ত উপজেলায় রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের হয়নি সে সমস্ত উপজেলায় বকেয়া হোল্ডিংসমূহ যাচাই করে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

খ) অনিস্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিস্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুরকে নির্দেশনা প্রদান করা হয়।

৫। **জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত :**

সেপ্টেম্বর, ২০২৬ মাসে উপজেলাওয়ারি জেনারেল সার্টিফিকেট মামলার অগ্রগতি নিম্নরূপ :

উপজেলার নাম	পূর্বের জের	বিবেচ্য মাসে দায়ের	মোট মামলার সংখ্যা	মোট দাবিকৃত টাকার পরিমাণ	বিবেচ্য মাসে নিষ্পত্তি	আদায়কৃত টাকার পরিমাণ	মোট অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা	মোট অনাদায়ী টাকার পরিমাণ
দিনাজপুর সদর	৩৫	০	৩৫	২২৬৫৬৭০.০০	০	০.০০	৩৫	২২৬৫৬৭০.০০
বিরল	৮৬	০	৮৬	১৯৬১৪৩৭.০০	০	০.০০	৮৬	১৯৬১৪৩৭.০০
বোচাগঞ্জ	৮৬	০	৮৬	৩৮০০৯৯১.০০	১	৪৬৪০৮.০০	৮৫	৩৭৫৪৫৮৩.০০
কাহারোল	৫	০	৫	৮২৫৪০.০০	০	০.০০	৫	৮২৫৪০.০০
বীরগঞ্জ	৪২	০	৪২	৮৪৯৭০০৩.০০	১	২০৮২০.০০	৪১	৮৪৭৬১৮৩.০০
খানসামা	০	০	০	০.০০	০	০.০০	০	০.০০
চিরিরবন্দর	১৩	১	১৪	৭৭১৯৫০.০০	৪	৫৭১৮৫.০০	১০	৭৩৪৭০০.০০
পার্বতীপুর	১৯৭	০	১৯৭	১১৬৭১৬১৬.০০	০	০.০০	১৯৭	১১৬৭১৬১৬.০০
ফুলবাড়ী	৮	০	৮	৩৪৩৫৬৪.০০	০	০.০০	৮	৩৪৩৫৬৪.০০
বিরামপুর	৩৮	০	৩৮	৬৮৫৫৩১৩.০০	০	০.০০	৩৮	৬৮৫৫৩১৩.০০
নবাবগঞ্জ	১২	০	১২	৩৯৪৪৮১৭.০০	০	০.০০	১২	৩৯৪৪৮১৭.০০
ঘোড়াঘাট	১	০	১	৩০০০০০.০০	০	০.০০	১	৩০০০০০.০০
হাকিমপুর	৪২	০	৪২	১৯৮৩৮৪৬.০০	৩	৪৬৪৩৩.০০	৩৯	১৯৩৭৪১৩.০০
জেঃ সার্টিফিকেট	৩৭৩	৩২	৪০৫	৪৭৪২৪১০০.০০	৬	৩৪৩২৪৭.০০	৩৯৯	৫১৮০৮৯৫৯.০০
সর্বমোট=	৯৩৮	৩৩	৯৭১	৮৯৯০২৮৪৭.০০	১৫	৫১৪০৯৩.০০	৯৫৬	৯৪১৩৬৭৯৫.০০

আলোচনা: সভায় **সেপ্টেম্বর, ২০২৬** মাসের জেনারেল সার্টিফিকেট মামলার তথ্য পর্যালোচনায় দেখা যায় অনিষ্পন্ন মামলার সংখ্যা- ৯৩৮টি। দিনাজপুর সদর, বিরল, বোচাগঞ্জ, বীরগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, বিরামপুর, নবাবগঞ্জ, হাকিমপুর উপজেলার এবং জেনারেল সার্টিফিকেট শাখার অনিষ্পন্ন মামলার সংখ্যা দ্রুত কমিয়ে আনার জন্য সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সাথে সার্টিফিকেট অফিসারগণকে যোগাযোগ করার বিষয়ে নির্দেশনা এমনকি অনাদায়ী টাকা আদায়ের জন্য খাতকের বিরুদ্ধে বিধি মোতাবেক ওয়ারেন্ট ইস্যু করতঃ খাতকের নিকট হতে টাকা আদায়ের সময় সাজা সংক্রান্ত অঙ্গীকারনামা নেয়ার জন্য পরামর্শ দেয়া হয়।

সিদ্ধান্ত : ক) অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ ২-৫ বছর, ৬-১০ বছর, ১১-১৫ বছর এবং ১৫ বছরের উর্ধ্বে এরূপ ক্যাটাগরিতে শ্রেণিভুক্ত করে দীর্ঘদিনের অনিষ্পন্ন মামলাসমূহ অগ্রাধিকারভিত্তিতে নিষ্পত্তি করার জন্য জেনারেল সার্টিফিকেট অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়।

খ) অনাদায়ী টাকা আদায়ের জন্য প্রয়োজনে সার্টিফিকেট অফিসারগণ খাতকের বিরুদ্ধে ওয়ারেন্ট ইস্যু করে টাকা আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেনারেল সার্টিফিকেট অফিসারকে অনুরোধ করা হয়।

৬। **নামজারি মামলা সংক্রান্ত :**

সেপ্টেম্বর, ২০২৬ মাসে উপজেলাওয়ারি নামজারি মামলার প্রতিবেদন নিম্নরূপ :

উপজেলার নাম	গত মাসের অনিষ্পন্ন কেসের সংখ্যা		বিবেচ্য মাসে দায়েরকৃত কেসের সংখ্যা		মোট কেসের সংখ্যা		বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা		মোট অনিষ্পত্তিকৃত কেসের সংখ্যা		অনিষ্পন্ন কেসের পেন্ডিং কাল	
											২৮ দিনের উর্ধ্বে	২৮ দিনের উর্ধ্বে
	১ম অংশ	২য় অংশ	১ম অংশ	২য় অংশ	১ম অংশ	২য় অংশ	১ম অংশ	২য় অংশ	১ম অংশ	২য় অংশ	১ম অংশ	২য় অংশ
সদর	৮৩২	০	১৩৯৬	০	২২২৮	০	১১৮৯	০	১০৩৯	০	০	০
বিরল	৫১২	০	৮৪০	০	১৩৫২	০	৩০৬	০	১০৪৬	০	০	০
বোচাগঞ্জ	২৭২	০	৫৯৯	০	৮৭১	০	৬৩৮	০	২৩৩	০	০	০
কাহারোল	১৮৮	০	২১৩	০	৪০১	০	২০২	০	১৯৯	০	০	০
বীরগঞ্জ	৬১৫	০	৮২৭	০	১৪৪২	০	৬৮০	০	৭৬২	০	০	০
খানসামা	১১৫	০	২২৯	০	৩৪৪	০	২২১	০	১২৩	০	০	০
চিরিরবন্দর	২১০	৩	৫৫০	৫	৭৬০	৮	৫৮৫	৫	১৭৫	৩	০	০
পার্বতীপুর	২০৮	০	৭৩২	০	৯৪০	০	৪২৮	০	৫১২	০	০	০
ফুলবাড়ী	১৭৫	৩	২৫০	৩	৪২৫	৬	৩২০	৩	১০৫	৩	০	০
বিরামপুর	৩৯৯	০	৫০৬	০	৯০৫	০	৫০৫	০	৪০০	০	০	০
নবাবগঞ্জ	৭৩১	০	৭১২	০	১৪৪৩	০	৪৪৪	০	৯৯৯	০	০	০
ঘোড়াঘাট	১৫৭	১৯	৪৯৭	১৮	৬৫৪	৩৭	৫০৫	১৫	১৪৯	২২	০	০
হাকিমপুর	৯৭	০	৩১৬	০	৪১৩	০	২৯০	০	১২৩	০	০	০
মোট=	৪৫১১	২৫	৭৬৬৭	২৬	১২১৭৮	৫১	৬৩১৩	২৩	৫৮৬৫	২৮	০	০

আলোচনা: সভায় **সেপ্টেম্বর, ২০২৬** মাসে নামজারি মামলা সংক্রান্ত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মাসে সকল উপজেলা ভূমি অফিসের ১ম খন্ডের নামজারি কেস নিষ্পত্তি হয়েছে। ২৮ দিনের মধ্যে নিষ্পত্তির জন্য সভাপতি সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত : ক) ভূমি মন্ত্রণালয়ের ২২ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১০৮নং পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে ৪৫ দিনের পরিবর্তে ২৮ দিনে নামজারি সম্পন্ন করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

খ) নামজারির পার্ট-১ এর রেজিস্টার IX যথাযথভাবে সংরক্ষণ এবং নামজারির পুরাতন নথিসমূহ উপজেলা রেকর্ডরুমে বছরভিত্তিক ক্রমানুসারে সাজিয়ে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ করা হয়।

গ) ভূমি মন্ত্রণালয়, অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর ১৩ ডিসেম্বর, ২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯ নং স্মারকের নির্দেশনা মতে ই-নামজারি অনলাইনে করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসে এ কার্যালয়ে প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঘ) নামজারি বাতিলের ক্ষেত্রে অর্ডারশীটে বাতিলের কারণ সুনির্দিষ্টভাবে উল্লেখ করে আদেশ দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঙ) নামজারি আবেদন নিষ্পত্তির ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় হতে সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুসরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

চ) সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, বিরল, কাহারোল, বীরগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, ফুলবাড়ী, বিরামপুর ও নবাবগঞ্জ, দিনাজপুরকে নামজারি নিষ্পত্তির হার বাড়াতে হবে এবং নিষ্পত্তির সময় কমিয়ে আনতে হবে।

৭। **মিস মোকদ্দমার বিবরণী সংক্রান্ত :**

সেপ্টেম্বর, ২০২৬ মাসে উপজেলাওয়ারি মিস মোকদ্দমা তথ্য নিম্নরূপ :

ক্রমিক নং	উপজেলার নাম	পূর্ববর্তী মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা	চলতি মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা	মোট মিস মোকদ্দমার সংখ্যা	চলতি মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা	চলতি মাস পর্যন্ত মোট নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা	মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১	দিনাজপুর সদর	১৫৪	২৪	১৭৮	১৭	৫৩	১৬১	
২	বিরল	২৮	৫	৩৩	৭	২৩	২৬	
৩	বোচাগঞ্জ	৪৮	৫	৫৩	৫	১৬	৪৮	
৪	কাহারোল	৫২	০	৫২	৪	১২	৪৮	
৫	বীরগঞ্জ	১৫৫	২১	১৭৬	১৭	৫৭	১৫৯	
৬	খানসামা	৬	২২	২৮	২	৪	২৬	
৭	চিরিরবন্দর	৬৭	২৩	৯০	৯	৪৭	৮১	--
৮	পার্বতীপুর	১৪০	২৯	১৬৯	৩২	৭১	১৩৭	
৯	ফুলবাড়ী	৩২	১৫	৪৭	১৭	৩৩	৩০	
১০	বিরামপুর	২১	১০	৩১	৯	২০	২২	
১১	নবাবগঞ্জ	২৮	৪	৩২	২	৪	৩০	
১২	ঘোড়াঘাট	৪৫	৩	৪৮	৬	১৪	৪২	
১৩	হাকিমপুর	১৪	৫	১৯	৭	১৪	১২	
	সর্বমোট=	৭৯০	১৬৬	৯৫৬	১৩৪	৩৬৮	৮২২	

আলোচনা: **সেপ্টেম্বর, ২০২৬** মাসে মিস মোকদ্দমার বিবরণী পর্যালোচনান্তে ১ হতে ৩ বছরের অধিক অনিষ্পন্ন মিস মোকদ্দমাসমূহ দ্রুত নিষ্পত্তি করে আগামী রাজস্ব সভার পূর্বেই প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত : ক) নামজারি রিভিউ কেসসমূহ দায়েরের ক্ষেত্রে তামাদি হয়েছে কি-না এমনকি ১২ বছরের উর্ধ্বের নামজারি কি-না, সরকারি স্বার্থ রয়েছে কি-না তা বিবেচনায় নিয়ে রিভিউ আবেদন পূর্বের নামজারি কেস নথিতে রিভিউ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে পরামর্শ দেয়া হয়।

খ) অনিষ্পন্ন মিস মোকদ্দমাগুলো দ্রুত নিষ্পত্তি করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়। বিশেষ করে বিরল, পার্বতীপুরকে মামলা নিষ্পত্তির অগ্রগতি বাড়াতে অনুরোধ করা হয়।

গ) অনিষ্পন্ন মিস মোকদ্দমাসমূহ অর্থবছরভিত্তিক শ্রেণীবিন্যাস করে দীর্ঘদিনের অনিষ্পন্ন মোকদ্দমাসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

৮। **অর্পিত সম্পত্তি দাবি ও আদায় সংক্রান্ত :**

সেপ্টেম্বর, ২০২৬ মাসের অর্পিত সম্পত্তি দাবি ও আদায় প্রতিবেদন নিম্নরুপ :

উপজেলার নাম	অর্পিত সম্পত্তির পরিমাণ ও বাড়ির সংখ্যা		ইজারাকৃত সম্পত্তির পরিমাণ ও বাড়ির সংখ্যা		দাবির পরিমাণ	আলোচ্য মাসে আদায়	এ পর্যন্ত আদায়	আদায়ের হার
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
ভিপি সেল	৫৮.১৯	বাড়ী-১৫২ টি	৫৮.১৯	বাড়ী-১৫২ টি	৮৫,২৫,৩৫৩/-	৬,০৪,০৯০/-	২৭,৮৮,৯৩৮/-	৩২.৭১%
সদর	৪১০.৩৫৮২৭	--	৪১০.৩৫৮২৭	--	২০,৪৮,০১৩/-	১৮,৯০৩/-	২,৬৬,৫৬৬/-	১৩.০২%
বিরল	৪০৫.৯৩	--	৪০৫.৯৩	--	২৩,০৫,৭৪৭/-	১,৩৬,৭৮১/-	৬,১৯,৬৪৪/-	২৬.৮৭%
বোচাগঞ্জ	৩৬.৯৯	--	৩৬.৯৯	--	৬,৩৪,৭৯০/-	৩১,৭০০/-	১,২২,০৩০/-	১৯.২২%
কাহারোল	৮৫৩.৬৬০০	--	৮৫৩.৬৬০০	--	৭,০৮,৪৩৩/-	২,৮৩,৫১৫/-	৬,০৫,২০২/-	৮৫.৪৩%
বীরগঞ্জ	৭৫৬.৮৩	--	৭৫৬.৮৩	--	১১,৩৫,২১১/-	৩৯,৩৭০/-	১,১৯,৩৭০/-	১০.৫২%
খানসামা	৭৭.৭০৫০	--	৭৭.৭০৫০	--	২,০৫,০০০/-	৬,৬৮৫/-	২৩,২৪৭/-	১১.৩৪%
চিরিরবন্দর	২৮৯.৭১০০	বাড়ী- ০২ টি	২৮৯.৭১০০	বাড়ী- ০২ টি	৯,৩০,০০০/-	১৩,৬০০/-	৭৫,৯০২/-	৮.১৬%
পার্বতীপুর	৪৭৫.৩১	বাড়ী-১৬৩ টি	৪৭৫.৩১	বাড়ী-১৬৩ টি	৩২,৪৪,৬৭১/-	২,৯৩,৭৯৯/-	৫,১০,৪৩৬/-	১৫.৭৩%
ফুলবাড়ী	৫৭০.২৬০০	--	৫৭০.২৬০০	--	২৯,৯৮,৫৬১/-	২৬,৬৯,৩৮১/-	২৭,২৬,৩৩০/-	৯০.৯২%
বিরামপুর	৮২৬.৫৪	--	৮২৬.৫৪	--	৭,২৩,৬৫৩/-	১,৬৫,৯৯৪/-	১,৭১,১৭৭/-	২৩.৬৫%
হাকিমপুর	২৫১.৫৩	বাড়ী-০২ টি	২৫১.৫৩	বাড়ী-০২ টি	১১,৫০,৫০০/-	১,০৫,৭৮৪/-	১,৬৮,৮৭২/-	১৪.৬৮%
নবাবগঞ্জ	২২৫০.৭৬	বাড়ী-২০ টি	২২৫০.৭৬	বাড়ী-২০ টি	১৩,৭৬,০৩০/-	৪০,৪৩০/-	৩,৪৫,৬৯৬/-	২৫.১২%
ঘোড়াঘাট	৩৬৩.৪৩	--	৩৬৩.৪৩	--	৬,৫১,৫০০/-	৩৪,১০০/-	১,৩৭,৭০৩/-	২১.১৪%
মোট=	৭৬২৭.২০৩২৭	বাড়ী-৩৩৯ টি	৭৬২৭.২০৩২৭	বাড়ী-৩৩৯ টি	২,৬৬,৩৭,৪৬২/-	৪৪,৪৪,১৩২/-	৮৬,৮১,১১৩/-	৩২.৫৯%

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের অর্পিত আদায়ের মাসিক বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, দিনাজপুর সদর, বিরল, বোচাগঞ্জ, বীরগঞ্জ, খানসামা, চিরিরবন্দর, পার্বতীপুর, বিরামপুর, নবাবগঞ্জ ও ঘোড়াঘাট উপজেলায় আদায় কম।

সিদ্ধান্ত :ক) ২০২৬-২০২৭ অর্থবছরে ১০০% আদায়ের লক্ষ্যে প্রতিটি কেসনথির বিপরীতে দাবি আদায়ের জন্য লীজিকে জমির তপশিলসহ দাবির পরিমাণ উল্লেখপূর্বক লাল নোটিশ প্রদানের জন্য সকল সহকারী কমিশনার (ভূমি) ও সহকারী কমিশনার, ভিপি সেলকে অনুরোধ করা হয়।

খ) অর্পিত গেজেট মোতাবেক লীজ নথিভিত্তিক পুকুর শ্রেণির ইজারা হচ্ছে কি-না এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে অনুরোধ করা হয়।

গ) যেসকল অর্পিত পুকুর মামলাভূক্ত নয় এবং ইজারা কার্যক্রম চলমান নেই সেসব অর্পিত পুকুর ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঘ) অর্পিত 'খ' তালিকার গেজেটভূক্ত সম্পত্তির ভূমি উন্নয়ন কর না নেয়ার বিষয়ে সুনির্দিষ্ট কারণসহ লিখিত ডকুমেন্টস প্রদান করার জন্য ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদানের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

৯। **অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনালে দাখিলকৃত মামলা সংক্রান্ত ('ক' তপশিল) :**

আলোচনা: বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইব্যুনালে দাখিলকৃত ক-তপশিলভুক্ত মামলা মোট ১৪৫৯টি দায়ের হয়েছে। তন্মধ্যে ১৪৩৮টি মামলার জবাব বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা- ১৬টি। সরকার পক্ষে ১২টি ও সরকার বিপক্ষে ৩টি মামলা নিষ্পতি হয়েছে। ফলে অনিষ্পন্ন রয়েছে- ৭০২টি মামলা।

সিদ্ধান্ত : ক) অর্পিত ট্রাইব্যুনাল কর্তৃক নিষ্পত্তিকৃত মামলাসমূহের রায়ের ১টি কপি জেলা প্রশাসক বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ ভিপি কৌঁসুলিকে অনুরোধ করা হয়।

খ) সরকারের বিপক্ষে রায় ঘোষিত মামলাগুলোর আপিল মামলা দায়ের করার জন্য ভিপি কৌঁসুলিকে অনুরোধ করা হয়।

১০। **পরিত্যক্ত সম্পত্তি দাবি ও আদায় সংক্রান্ত:**

সেপ্টেম্বর, ২০২৬ মাসের পরিত্যক্ত সম্পত্তি দাবি ও আদায় প্রতিবেদন নিম্নরূপ:

উপজেলার নাম	পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ	চলতি মাসে ইজারাকৃত পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ	পরিত্যক্ত সম্পত্তির দাবির পরিমাণ	বিবেচ্য মাসে সালামী আদায়	জুলাই/২৫ মাস হতে চলতি মাস পর্যন্ত পরিত্যক্ত সালামী আদায়	আদায়ের শতকরা হার%
এস,এ শাখা	২২৮৮.৬	০.৩০২১	৯৭৮২২৯.০০	৭০৭৫২.০০	৩৫৯৪৬৪.০০	৩৬.৭৫%
সদর	৯৩১.১১	০.১৪	৩৩১০১৫.০০	২০০৩৭.০০	৩৯৭২১.০০	১২%
বিরল	৪৯.১২	০.১৬	১৪২৬২৭.০০	১১৩৭৫.০০	৩৪২৭১.০০	২৪.০২%
বোচাগঞ্জ	০৯.০	০	৮৫৪৮০.০০	০.০০	০.০০	০%
বীরগঞ্জ	৪১৭৫.৪৩	০	২০৫৩৫৬.০০	০.০০	১৪৬০০.০০	৭.১০%
খানসামা	৪৫.৭	০.৫৫	২২০০০.০০	২৩৬২৪.০০	২৩৬২৪.০০	১০৭.৩৮%
চিরিরবন্দর	৭০.০	০	১৪০০.০০	০.০০	০.০০	০%
পার্বতীপুর	০৯৯.৩১৪	০	৮৬৯৮০২.০০	০.০০	০.০০	০%
বিরামপুর	৩৬৭৫.১২	৪.৪৪	৬৭৩০১.০০	৩০৩০০.০০	৩০৩০০.০০	৪৫.০২%
হাকিমপুর	১০.০	০	৭৫১৩.০০	০.০০	০.০০	০%
সর্বমোট=	৮৭৩৮.৪০৮	৫.৫৯২১	২৭১০৭২৩.০০	১৫৬০৮৮.০০	৫০১৯৮০.০০	১৮.৫১%

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের পরিত্যক্ত সম্পত্তি দাবি ও আদায় বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, কাহারোল, ফুলবাড়ী, নবাবগঞ্জ ও ঘোড়াঘাট উপজেলায় কোন পরিত্যক্ত সম্পত্তি নাই। দিনাজপুর সদর, বিরল, বোচাগঞ্জ, বীরগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর ও হাকিমপুর উপজেলায় আদায় খুবই কম।

সিদ্ধান্ত: ক) ২০২৬-২০২৭ অর্থবছরে ১০০% আদায়ের লক্ষ্যে প্রতিটি কেসনথির বিপরীতে দাবি আদায়ের জন্য লীজিকে জমির তপশিলসহ দাবির পরিমাণ উল্লেখপূর্বক লাল নোটিশ প্রদানের জন্য সকল সহকারী কমিশনার (ভূমি) ও রেভিনিউ ডেপুটি কালেক্টরকে অনুরোধ করা হয়।

খ) পরিত্যক্ত তালিকাভূক্ত সম্পত্তি গেজেটে লিপিবদ্ধ থাকলেও বাস্তবে কেস নম্বর ভিত্তিক নথি অফিসে সংরক্ষিত না থাকায় সরকারি স্বার্থ ও আদায়ের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার/রেভিনিউ ডেপুটি কালেক্টর/সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে তদন্ত সাপেক্ষে পার্ট নথি খোলা যেতে পারে।

১১। **জেলা ও উপজেলা ভূমি অফিসের অডিট আপত্তি সংক্রান্ত :**

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের অডিট আপত্তি বিবরণী পর্যালোচনা করে দেখা যায় যে, পূর্বের পেন্ডিং অডিট আপত্তি কেসের সংখ্যা- ৩৬টি। বিবেচ্য মাসে ১২টি মামলা দায়ের হয়েছে। মোট অডিট আপত্তির সংখ্যা-৪৮টি। চলতি মাসে নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা- ৭টি। ফলে পেন্ডিং অডিট আপত্তির সংখ্যা- ৪১টি। অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সক্রিয় হওয়ার জন্য সকল সহকারী কমিশনার (ভূমি)কে নির্দেশনা প্রদান করেন। প্রতিমাসে যে সমস্ত উপজেলা হতে অডিট আপত্তির বক্ষমান জবাব পাওয়া যায়, সে সমস্ত অডিট আপত্তির বক্ষমান জবাব-এর সংখ্যা সভায় উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত: ক) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বক্ষমান জবাবের সাথে প্রমাণক সত্যায়িতসহ প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে উদ্যোগ গ্রহণের অনুরোধ করা হয়।

খ) বক্ষমান জবাব প্রেরণের সময় মূল আপত্তির সাথে মিল রেখে মূল চালানের কপি সত্যায়িত, সিটিআর/অনলাইন চালান ভেরিফিকেশন মুচলেকাসহ সকল কাগজপত্র প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

১২। **দেওয়ানি মামলা সংক্রান্ত :**

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় যে, আলোচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা- ২৪টি। বিগত মাসের জের ৮৭৬০টি। মোট মামলার সংখ্যা-৮৭৮৪টি। চলতি মাসে সরকার পক্ষে ৫টি ও সরকার বিপক্ষে ৩টি মোট ৮টি মামলা নিষ্পত্তি হয়েছে। ফলে পেন্ডিং রয়েছে ৮৭৭৬টি। সিভিলস্যুট রেজিস্টার হালনাগাদকরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : ক) নিম্ন আদালতের মামলা রায়ের কপি সংগ্রহ করে সিভিলস্যুট রেজিস্টারে কলাম সঠিকভাবে পূরণ করতে হবে।

খ) সরকারি স্বার্থ জড়িত আছে এমন মামলাগুলোর নোটিশ প্রাপ্তি স্বাপেক্ষে জরুরি কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

গ) সরকারের বিপক্ষে রায় হয়েছে এমন মামলাসমূহ সঠিকভাবে পর্যালোচনা করে নির্ধারিত সময়ের মধ্যে আপিল দায়েরের জন্য বিজ্ঞ জি.পিকে অনুরোধ করা হয়।

১৩। **এস.এফ-এর প্রতিবেদন :**

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বিবেচ্য মাসে ২২২টি এস.এফ তদন্তের জন্য সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিসে প্রেরণ করা হয়েছে। বিগত মাসের জের ৪৫৮টি। মোট এস.এফ এর সংখ্যা দাঁড়িয়েছে ৬৮০টি এবং এ মাসে এস.এফ ফেরত পাওয়া গেছে ১৭৭টি। ফলে পেন্ডিং রয়েছে ৫০৩টি।

সিদ্ধান্ত : (ক) ১ মাস উর্ধ্বে কোন এস.এফ পেন্ডিং থাকবেনা এবং এস.এফ পাওয়া মাত্রই দ্রুত জবাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

(খ) ৩ মাসের উর্ধ্বে অনিষ্পন্ন এস.এফ সমূহ দফাওয়ারি জবাব আগামী ৭ কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

(গ) সরকারি সম্পত্তি তথা ১নং খাস খতিয়ানভূক্ত জমির এস.এফ এর ক্ষেত্রে সরকারি স্বার্থ জড়িত থাকা বা না থাকার সুস্পষ্ট যৌক্তিক কারণ ব্যাখ্যা করে রিপোর্ট দেয়ার জন্য সকল সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

১৪। বিনিময় কেস নিষ্পত্তি সংক্রান্ত :

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, মোট বিনিময় মামলার সংখ্যা-৭৯৩টি। নিষ্পত্তিকৃত বিনিময় মামলার সংখ্যা-৭৫৩। অনিষ্পন্ন বিনিময় মামলার সংখ্যা-৪০টি। অনিষ্পন্ন বিনিময় মামলা পরীক্ষা নিরীক্ষা করে সুপারিশসহ প্রেরণ করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে সভাপতি পরামর্শ প্রদান করেন।

সিদ্ধান্ত : ৪০টি অনিষ্পন্ন বিনিময় মামলা দ্রুত নিষ্পত্তি করণের কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

১৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), আদালত, দিনাজপুর-এ দায়েরকৃত মামলার অগ্রগতি সংক্রান্ত :

আলোচনা: এ সম্পর্কিত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, সেপ্টেম্বর, ২০২৬ মাসে ৫টি মামলা দায়ের হয়েছে। বিগত মাসের জের ৭৬টি, মোট মামলার সংখ্যা দাঁড়িয়েছে ৮১টি। চলতি মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা- ৮টি। ফলে পেন্ডিং মামলার সংখ্যা- ৭৩টি।

সিদ্ধান্ত : (ক) রাজস্ব মামলার সাথে সম্পৃক্ত চাহিত তথ্য ধার্য তারিখের পূর্বে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

(খ) সরকারি স্বার্থ সংশ্লিষ্ট আপিল মামলাসমূহের শুনানিকালে সরকার পক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার হাজিরা প্রদান নিশ্চিতকরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

১৬। হাট-বাজার, জলমহাল ও বালুমহাল সংক্রান্ত :

ক) হাট-বাজার সংক্রান্ত :

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের হাট বাজার সংক্রান্ত বিবরণী পর্যালোচনা করে দেখা যায় যে, মোট হাট-বাজারের সংখ্যা ২৯৭টি। ২৪৪টি হাট-বাজার বাংলা ১৪৩৩ সনের জন্য উপজেলা প্রশাসন ও পৌরসভা কর্তৃক ইজারা প্রদান করা হয়েছে। খানসামা উপজেলাধীন ০১টি হাটের মামলা চলমান। অবশিষ্ট ৫২টি হাটের খাস আদায় চলছে।

সিদ্ধান্ত : ক) হাট পেরিফেরির মধ্যে ব্যক্তিমালিকানাধীন জমি ইতঃপূর্বে পেরিফেরিভূক্ত হয়ে থাকলে অবমুক্তকরণের প্রস্তাব প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

খ) হাট বাজারের ইজারার আদায়কৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের চালানের কপি যাচাই করা এবং ভূমি রাজস্ব খাতে সরকারি অর্থ প্রদান করা হচ্ছে কি-না তা নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

গ) জেলা প্রশাসকের অনুমতি ব্যতীত তোহা বাজারে যাতে কোন সেড নির্মাণ করা না হয় সে বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

ঘ) হাট বাজারের অর্থ যথাযথ খাতে বণ্টনপূর্বক ভূমি রাজস্ব খাতের অংশ সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঙ) হাট পেরিফেরিভূক্ত সীমানার মধ্যে চান্দিনা ভিটিতে লাইসেন্সবিহীন দোকানসমূহের চান্দিনা লাইসেন্স করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

চ) ইজারাবিহীন হাট-বাজারের সরকারি খাস আদায়ের বিষয়ে তৎপর হওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ছ) হাটসমূহের খাস আদায়ের মাধ্যমে আদায়কৃত অর্থ মিটিং এর মাধ্যমে অনুমোদন দেখাতে হবে। সরকারি কোষাগারে জমা প্রদান ও চালান সংরক্ষণ করতে হবে এবং প্রতিমাসে এ কার্যালয়ে আয় ও ব্যয়ের প্রতিবেদন পাঠাতে হবে।

খ) জলমহাল সংক্রান্ত :

আলোচনা: এ জেলায় ২০ একরের উর্ধ্বে জলমহালের সংখ্যা-০৭টি। ০৭টির মধ্যে পূর্ণদহ বিলটি (১৪৩৩-১৪৩৮ বাংলা সন পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত এ কার্যালয়ের ২০ নভেম্বর, ২০২৫ তারিখের ০৫.৫৫.২৭০০.০১১.০৫.০২৯(অংশ-১).২৫-১৭৩২(ক) নং স্মারকে অনুমোদনের জন্য ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সুখসাগর জলমহালটি বাংলা ১৪৩১-১৪৩৩ সন পর্যন্ত ৩(তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হয়েছে। রামসাগর জলমহালটি জেলা প্রশাসনের তত্ত্বাবধানে রয়েছে। ৩টি বিজ্ঞ যুগ্ম জেলা জজ ১ম আদালত ও বিজ্ঞ যুগ্ম জেলা জজ ২য় আদালতে মামলা চলমান রয়েছে। দেবীডুবা বিলটি সিনিয়র জজ আদালত, দিনাজপুর-এ ৬৭/২২ নং মামলা চলমান রয়েছে।

সিদ্ধান্ত : ক) ২০ একরের উর্ধ্বে কড়াই বিল, মড়লাই বিল, ভাঙ্গা দিঘি ও দেবীডুবা বিলের মামলার বিষয়ে হালনাগাদ তথ্য সংগ্রহের জন্য সহকারী কমিশনার (ভূমি), বিরল, পার্বতীপুর ও সহকারী কমিশনার, রেভিনিউ মুন্সিখানা শাখাকে অনুরোধ করা হয়।

খ) ইজারা গ্রহীতাগণ জলমহাল ইজারার শর্ত যাতে ভঙ্গ না করে সে বিষয়ে তদারকি করার জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

গ) বালুমহাল সংক্রান্ত :

আলোচনা: এ জেলায় ৪টি বালুমহাল আছে। ২টি বালুমহাল ১৪৩৩ বঙ্গাব্দে ইজারা দেওয়া হয়েছে। অবশিষ্ট ২টি বালুমহাল বিলুপ্তির জন্য কমিশনার, রংপুর বিভাগ, রংপুর-এ প্রেরণ করা হয়েছে। ১১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ০৫.৪৭.০০০০.০০৬.০১২.২২-১৪৩ নং স্মারকে বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর হতে ১৪৩২ বাংলা সনের ৫টি বালুমহাল ইজারা প্রদানের জন্য তালিকা/ক্যালেন্ডার অনুমোদন হয়। ৪টি বালুমহাল ইজারা প্রদান করা হয়েছে। ১টি বালুমহাল ১৪৩২ সনে বাতিল করা হয়েছে।

সিদ্ধান্ত: ক) সায়রাতভূক্ত বালুমহালের হালনাগাদ তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) ফলমহাল/ফলকর সংক্রান্ত :

আলোচনা: দিনাজপুর জেলায় ০৬টি ফলবাগান রয়েছে। তার মধ্যে বিরল উপজেলাধীন দেবপুর আমবাগান ১৪৩২-১৪৩৪ পর্যন্ত ইজারা প্রদান করা হয়েছে ও হাকিমপুর উপজেলাধীন ইটাই আমবাগানটি ১৪৩২ সনের জন্য খাস আদায় করা হয়েছে এবং ১৪৩৩-৩৫ পর্যন্ত ইজারা প্রদানের কার্যক্রম চলমান আছে। অবশিষ্ট ০৪টি ফলবাগানের মধ্যে দিনাজপুর সদর উপজেলাধীন খামার ঝাড়বাড়ী ফলকর এবং উলিপুর ও মামুদপুর ফলবাগানের বিপরীতে মামলা চলমান থাকায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হয়নি। কাহারোল উপজেলাধীন সুন্দরপুর কাচারী ফলকর ও বিরামপুর উপজেলাধীন রতনপুর কাচারী ফলকর দুটি ফলবাগান নীতিমালা, ২০১৫ এর ৮ নং অনুচ্ছেদ অনুযায়ী এ নীতিমালা প্রযোজ্য হবে না। উল্লিখিত নীতিমালার আলোকে কাহারোল উপজেলাধীন সুন্দরপুর কাচারী ফলকর ও বিরামপুর উপজেলাধীন রতনপুর কাচারী ফলকর দুটি প্রকাশ্য নিলাম/সীলমোহরকৃত দরপত্রের মাধ্যমে প্রতিবছর ১ বছর মেয়াদে ইজারা প্রদানের ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)কে নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: মামলাভূক্ত ফলকরটির বিষয়ে হালনাগাদ তথ্য সংগ্রহের জন্য সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদরকে অনুরোধ করা হয়।

১৭। ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠী সম্প্রদায়ের জমি বিক্রয়ের পারমিশন কেস সংক্রান্ত :

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসে ৩৮টি মামলা দায়ের হয়েছে। বিগত মাসের জের ১০৭টি। মোট মামলার সংখ্যা- ১৪৫টি। চলতি মাসে ৪০টি মামলা নিষ্পত্তি হয়েছে। ফলে অনিষ্পন্ন মামলার সংখ্যা ১০৫টি।

সিদ্ধান্ত: (ক) অনিষ্পন্ন ১০৫টি মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুরকে অনুরোধ করা হয়।

(খ) যথাযথ ফরোয়ার্ড ডায়েরি ব্যবহার করে সকল পেন্ডিং প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

(গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীভূক্ত ব্যক্তির পারমিশন কেসের প্রেরিত আবেদন সমূহের তদন্ত প্রতিবেদন ধার্য তারিখের পূর্বে দ্রুত প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রতিবেদনের বিষয়ে বিক্রেতার মোট জমির মধ্যে বিক্রিত জমির পরিমাণ উল্লেখ করে বিস্তারিত তথ্য সরাসরি বিক্রয়ের মতামতসহ সুপারিশ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

(ঙ) ক্ষুদ্র নৃ গোষ্ঠীভূক্ত ব্যক্তির মালিকানাধীন জমি পর্যায়ক্রমে বিক্রিঅন্তে তিনি যাতে ভূমিহীন হয়ে না পড়েন, সে লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হতে প্রাপ্ত অনুমতি পত্রের কপিতে রেজিস্টার-II হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি) মারফত সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করতে হবে।

(চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জমি বিক্রয়ের প্রতিবেদনে নিজস্ব মতামত লিপিবদ্ধ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

১৮। এল. এ কেসের সংখ্যা, গেজেট বিজ্ঞপ্তি ও নামজারি সংক্রান্ত:

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসের প্রতিবেদনে দেখা যায় যে, এল. এ কেসের মধ্যে ১৯৮২ সালের আইনে ৬৭ টি এবং ২০১৭ সালের আইনে ২ টি নামজারি অসম্পন্ন রয়েছে। এ বিষয়ে প্রত্যাশী সংস্থা বরাবর পত্র দেয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

(ক) ১৯৪৮ সালের আইনের আওতায় রুজুকৃত:

জেলার নাম	মোট এল.এ কেসের সংখ্যা	গেজেটে প্রকাশিত এল.এ কেসের সংখ্যা	নামজারির সংখ্যা	বাতিলকৃত এল.এ কেসের সংখ্যা	মন্তব্য
দিনাজপুর	৪৪৫	৩১৯	২৭৩	৩৭টি	১৯৪৮ সালের আইনের আওতায় অনিষ্পন্ন ১৯টি এল.এ কেসের মধ্যে ১১টি কেস গেজেটে প্রকাশনার জন্য প্রেরণ করা হয়েছে। ৮টি কেসের কোন কাগজপত্র না থাকায় গেজেটে প্রেরণ করা সম্ভব হয়নি।

(খ) ১৯৮২ সনের অধ্যাদেশের আওতায় রুজুকৃত:

জেলার নাম	মোট এল.এ কেসের সংখ্যা	গেজেটে প্রকাশিত কেসের সংখ্যা	নামজারির সংখ্যা	বাতিলকৃত এল.এ কেসের সংখ্যা	মন্তব্য
দিনাজপুর	৬২৮	৫১৮	৪৫৮	বাতিল-৮১	১৯৮২ সালের আইনের আওতায় অনিষ্পন্ন ২৯ টি এল.এ কেসের মধ্যে ২৪টি কেস গেজেটে প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে। এবং ৩টি গেজেটে প্রেরণের অপেক্ষায় রয়েছে। ২টি কেসে মামলাভুক্ত রয়েছে।

(গ) ২০১৭ সনের অধ্যাদেশের আওতায় রুজুকৃত :

জেলার নাম	মোট এল.এ কেসের সংখ্যা	গেজেটে প্রকাশিত কেসের সংখ্যা	নামজারির সংখ্য	বাতিলকৃত এল.এ কেসের সংখ্যা	মন্তব্য
দিনাজপুর	৭৭	২০	১৭	১১	২০১৭ সালের আইনের আওতায় অনিষ্পন্ন ৪৬টি এল.এ কেসের মধ্যে ১৩টি গেজেটে প্রকাশের জন্য প্রেরণ করা হয়েছে। ৩৩টি'র কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে।

সিদ্ধান্ত: ১। এল. এ কেসসমূহের কার্যক্রম দ্রুত নিষ্পত্তি এবং প্রযোজ্য ক্ষেত্রে ভূমি মালিকগণকে ক্ষতিপূরণ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুরকে অনুরোধ করা হয়।

২। ১৯৮২ সালের আইনে ২৪ টি এবং ২০১৭ সালের আইনে ৩ টি এল. এ কেসের অনিষ্পন্ন নামজারি সম্পন্নকরণের জন্য সংশ্লিষ্ট প্রত্যাশি সংস্থা ও সহকারী কমিশনার (ভূমি)গণকে পত্র দেয়ার জন্য অনুরোধ করা হয়।

১৯। **রেকর্ডরুম সংক্রান্ত :**

আলোচনা: সেপ্টেম্বর, ২০২৬ মাসে ৬৪২৭টি আবেদন পাওয়া গেছে। গত মাসের জের ৭৩৫টি। মোট আবেদনের সংখ্যা- ৭১৬২টি। বিবেচ্য মাসে ৬২৭৬টি আবেদন নিষ্পত্তি হয়েছে। অনিষ্পন্ন আবেদনের সংখ্যা- ৮৮৬টি। জরুরি নকল সরবরাহের আবেদনের ক্ষেত্রে দিনের স্ট্যাম্প দিনে লাগানোর জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্ত : জরুরি নকল সরবরাহের আবেদন এবং স্ট্যাম্প ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন যথাযথভাবে অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

২০। **জরিপ সংক্রান্ত :**

আলোচনা: চলমান জরিপে ১নং খাস খতিয়ানভুক্ত/সরকারি স্বার্থ সংশ্লিষ্ট যে সকল জমি ব্যক্তি মালিকানায় রেকর্ড করা হয়েছে বা রেকর্ড হবার প্রক্রিয়ায় রয়েছে তার একটি তালিকা প্রস্তুত করতঃ অতিসত্বর যথাযথ আইনি প্রক্রিয়া সম্পন্ন করে তা সরকারের নামে রেকর্ড করার পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়।

সিদ্ধান্ত : ক) যে সকল সরকারি জমি ব্যক্তি মালিকানায় রেকর্ড করা হয়েছে বা রেকর্ড হবার প্রক্রিয়ায় রয়েছে সে সকল ক্ষেত্রে অতিসত্বর আইনি প্রক্রিয়া সম্পন্ন করে সরকারের নামে রেকর্ড করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

খ) জরিপ টিমকে সার্বিক সহযোগিতা করাসহ সরকারি সম্পত্তির সুস্পষ্ট তালিকা প্রেরণ নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

গ) চলমান জরিপে আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে জোনাল সেটেলমেন্ট অফিসার, দিনাজপুর এর সাথে আলোচনা করার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঘ) যে সমস্ত সরকারি জমি আর এস রেকর্ডে ব্যক্তি মালিকানায় প্রকাশিত হয়েছে, সে সমস্ত জমি সি,এস রেকর্ড অনুযায়ী মিলিয়ে দেখে সরকারি স্বার্থ পরিলক্ষিত হলে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ঙ) সরকারি ০১ নং খতিয়ানভূক্ত খাসজমি/অর্পিত/পরিত্যক্ত/বাজেয়াপ্তকৃত/সমর্পণকৃত সম্পত্তির মাঠ পর্চায় ভিপি খতিয়ান যদি কোনভাবে ব্যক্তিমালিকানায় সম্পাদিত হয়ে থাকে অথবা কোন জটিলতা থাকে তাহলে জোনাল সেটেলমেন্ট অফিসার, দিনাজপুর এর সাথে যোগাযোগপূর্বক সরকারি ০১ নং খতিয়ানে মাঠপর্চা সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

চ) খাস খতিয়ানে অন্তর্ভুক্ত কোনও দাগের জমি প্রকাশনার অপেক্ষায় থাকা খাস খতিয়ানে লিপিবদ্ধ না হলে সার্ভে আইন, ১৮৭৫ এর বিধান অনুযায়ী জরুরিভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য জোনাল সেটেলমেন্ট কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

ছ) ১ নং খাস খতিয়ানভুক্ত সি.এস/এস.এ দাগের জমিসহ খাস খতিয়ানে অন্তর্ভুক্তকৃত জমি চলমান জরিপে সরকারের ১ নং খতিয়ানে রেকর্ডকরণের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলা সেটেলমেন্ট অফিসের সাথে যোগাযোগ করে বিধি মোতাবেক সরকারের নামে রেকর্ড সংশোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

২১। **রেকর্ড ও রেজিস্টার সংরক্ষণ সংক্রান্ত :**

আলোচনা: সভায় ভূমি ব্যবস্থাপনায় রেকর্ড ও রেজিস্টার ব্যবহার এবং তা যথাযথ নিয়মে সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং রেকর্ড ও রেজিস্টার সংরক্ষণের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হয় :

(ক) সরকারি খাস জমি রেজিস্টার-৮ এ বন্দোবস্ত কেসের সকল তথ্য লিপিবদ্ধ করে হালনাগাদ করতে হবে।

(খ) রেজিস্টার ১২-এ জেলা কার্যালয় হতে অনুমোদিত বন্দোবস্ত কেসের নম্বরসহ তথ্য লিপিবদ্ধ করে রেজিস্টারটি হালনাগাদ করতে হবে।

(গ) অর্পিত সম্পত্তির রেজিস্টার-২ এ সঠিকভাবে দাবি নির্ধারণপূর্বক আদায় করতে হবে।

(ঘ) সকল উপজেলা ভূমি অফিসে অন্যান্য রেজিস্টারের ন্যায় (১) মাস্টার রেজিস্টার (২) ফাইল ইনডেক্স রেজিস্টার (৩) গার্ড ফাইল (৪) ফরোয়ার্ড ডায়েরি ব্যবহার ও যথানিয়মে সংরক্ষণ করতে হবে।

(ঙ) সরকারি খাসজমি রেজিস্টার VIII তৈরীর লক্ষ্যে টিম গঠনের জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত : সকল সহকারী কমিশনার (ভূমি) এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হয়।

২২। **বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :**

ক) রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইনের ৯০ এর (৩) উপধারা মোতাবেক অকৃষি প্রজা কর্তৃক ব্যবসা, শিল্প বা দাতব্য ধর্মীয় উদ্দেশ্যে জমি নিবন্ধন বা রেজিষ্ট্রেশনের আবেদনের ক্ষেত্রে সাব-রেজিষ্ট্রারগণ আবশ্যিকভাবে জেলা প্রশাসক বা রাজস্ব কর্তৃপক্ষের অনুমতিপত্র যাচাইপূর্বক হস্তান্তর দলিলের নিবন্ধন সম্পন্ন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) ভূমি মালিকানা অর্জনে সর্বোচ্চ সীমার ক্ষেত্রে ভূমি সংস্কার আইন, ২০২৩ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভাপতি কর্তৃক অবহিত করা হয়।

গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) প্রতিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জন সম্পন্ন করত: ত্রৈমাসিকভিত্তিতে ভূমি সংক্রান্ত সকল মাসিক বিবরণী ৩০ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

০১/১১/২০২৬

(মোঃ রফিকুল ইসলাম)
জেলা প্রশাসক
দিনাজপুর।
☎ ০২৫৮৯৯২৫০০১ (অফিস)
dcdinajpur@mopa.gov.bd

০১/১১/২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(রাজস্ব শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০০০.০১১.০৩.০০৩৪.২৬- ২৮৬৫

তারিখ : ২৬ কার্তিক, ১৪৩৩ / ০১ নভেম্বর, ২০২৬

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)।

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৪। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, দিনাজপুর অঞ্চল, দিনাজপুর।
৬। উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৭। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, দিনাজপুর ।
৯। উপজেলা নির্বাহী অফিসার, ... (সকল), দিনাজপুর ।
১০। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/জেনারেল সার্টিফিকেট অফিসার, দিনাজপুর।
১১। সহকারী কমিশনার (ভূমি), ... , (সকল), দিনাজপুর ।
১২। সহকারী কমিশনার, মহাফেজখানা/আর,এম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১৪। সহকারী কমিশনার (গোপনীয়), দিনাজপুর। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৫। বিজ্ঞ জিপি/ভিপি কৌঁসুলি, দিনাজপুর ।
১৬। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), দিনাজপুর।

০১/১১/২০২৬

(মোঃ জানে আলম)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
দিনাজপুর।
☎ ০২৫৮৯৯২৫০৭৭

পরিশিষ্ট -ক''

সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) :

১. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
৬. উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
৭. উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
৯. উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
১০. উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
১১. রেভিনিউ ডেপুটি কালেক্টর, দিনাজপুর।
১২. ভূমি অধিগ্রহণ কর্মকর্তা দিনাজপুর।
১৩. জেনারেল সার্টিফিকেট অফিসার, দিনাজপুর।
১৪. সহকারী কমিশনার, ভিপি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
১৫. সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
১৬. সহকারী কমিশনার, রেভিনিউ মুন্সিখানা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
১৭. সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর।
১৮. সহকারী কমিশনার (ভূমি), বীরগঞ্জ, দিনাজপুর।
১৯. সহকারী কমিশনার (ভূমি), ফুলবাড়ী, দিনাজপুর।
২০. সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
২১. সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, দিনাজপুর।
২২. সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর।
২৩. সহকারী কমিশনার (ভূমি), ঘোড়াঘাট, দিনাজপুর।
২৪. হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), দিনাজপুর।
২৫. বিজ্ঞ সরকারি কৌঁসুলি, দিনাজপুর।
২৬. প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।

পরিশিষ্ট খ'

সভায় অনুপস্থিত সদস্য :

১. জোনাল সেটেলমেন্ট অফিসার, দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
৬. সহকারী কমিশনার (ভূমি), বিরল, দিনাজপুর।
৭. সহকারী কমিশনার (ভূমি), বোচাগঞ্জ, দিনাজপুর।
৮. সহকারী কমিশনার (ভূমি), কাহারোল, দিনাজপুর।
৯. সহকারী কমিশনার (ভূমি), খানসামা, দিনাজপুর।
১০. সহকারী কমিশনার (ভূমি), চিরিরবন্দর, দিনাজপুর।
১১. সহকারী কমিশনার (ভূমি), পার্বতীপুর, দিনাজপুর।
১২. বিজ্ঞ কৌঁসুলি, অর্পিত সম্পত্তি ও বাড়ী, দিনাজপুর।